শেখ হাসিনার উদ্যোগ

# লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

লক্ষ্মীপুর।

মুজিব ১০০

ফোন নং- ০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র -০৩৮১-৬২৫৬৭, ফ্যাক্স নং -০৩৮১-৬১০৯৭,ই-মেইল নং- E-mail: pbslkp@yahoo.com

স্মারক নং- ২৭.১২. ৫১৪৩. ৫৩৮.০০১.০৭.২০২৪. ৬৮৮

তারিখঃ ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ট্রান্সফরমারের পোড়া তৈল রিফাইন করার নিমিত্তে রিকোয়েষ্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।**

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় ওয়ার্কশপে বিনষ্ট বিতরন ট্রান্সফরমার মেরামতের কাজে ব্যবহৃত সেন্ট্রিফিউজ করে ব্যবহার অনুপযোগী এবং প্রয়োজনীয় (Dielectric stremgth) আনা যায় না এরূপ ট্রান্সফরমার তৈলসমূহ রিফাইন করে ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী/পরিশোধনকারী/প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে রিকোয়েষ্ট ফর কোটেশন(RFQ) এর মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মূল্য (সকল প্রকার করসহ) | মোট মূল্য (সকল প্রকার করসহ |
|---|---|---|---|---|
| ০১ | ট্রান্সফরমারের পোড়া তৈল (যাহা সেন্ট্রিফিউজিং করে ব্যবহার করার উপযোগী নয়) রিফাইন করণ, নতুন ড্রাম সরবরাহ করণ, পরিবহন ব্যয় ও লোডিং- আনলোডিং সহ। | ২৬ ব্যারেল (প্রতি ব্যারেল ২০৫ লিঃ) | | |
| | কথায়ঃ ---------------------------------------------------------------- | | সর্বমোট- | |

শর্তাবলীঃ

০১। কোটেশন সমূহ আগামী ০৪-০২-২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, লক্ষ্মীপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে হবে। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। দাখিলকৃত কোটেশন সমূহ ঐ দিনই ০৪-০২-২০২৪ খ্রিঃ দুপুর ১২ঃ০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরদাতাগনকে দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট নিবন্ধন এবং আয়কর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে **"ট্রান্সফরমারের তৈল রিফাইন করণ দরপত্র" কথাটি উল্লেখ** করতে হবে।

০৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার/স্পট পরিদর্শন প্রয়োজন হলে ০৪-০২-২০২৪ খ্রিঃ খ্রিঃ তারিখের পূর্বে অত্র পবিসের ডিজিএম (কারিগরী)-মোবাইল নম্বর (০১৭৬৯৪০২০৮৪) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। একাধিক দরদাতা প্রতিষ্ঠানের দাখিলকৃত দর যদি একই হয় সেক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুযায়ী লটারির মাধ্যমে দরদাতা নির্বাচন করা হবে।

০৭। ট্রান্সফরমার তৈল রিফাইন করার জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রদানকৃত লাইসেন্স এর কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের পবিসের ট্রান্সফরমার তৈল রিফাইন করণের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সাথে অভিজ্ঞতার সনদ সংযুক্ত করতে হবে।

০৯। দরপত্র কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহনযোগ্য হবে না। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

১০। অত্র প্রতিষ্ঠানের ষ্টোর হতে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি এর নিকট ট্রান্সফরমার অয়েল বুঝিয়ে দেওয়া হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে তৈল সমূহ পরিবহন করতে হবে (লোডিং-আনলোডিংসহ) এবং রিফাইন শেষে নিজ দায়িত্বে পবিস ষ্টোরে জমা প্রদান করতে হবে।

১১। সমিতি হতে প্রেরণকৃত পুরাতন ব্যারেল পরিবর্তন করে নতুন ব্যারেল (পরিস্কার পরিচ্ছন্ন ব্যারেল ব্যবহার করতে হবে) সরবরাহ করতে হবে। এক্ষেত্রে পুরাতন প্রতি ব্যারেলের মূল্য বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা হারে সমিতি কর্তৃক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রেরণ বিল থেকে কর্তন করা হবে এবং নতুন সরবরাহকৃত ড্রামের মূল্য বাবদ আপনার প্রতিষ্ঠানকে সমিতি কর্তৃক ৫০০.০০ (পাঁচ শত) টাকা হারে প্রদান করা হবে।

১২। প্রতি ব্যারেল (২০৫ লিঃ) পুরাতন ট্রান্সফরমার তৈল রিফাইন করার পর ৮৩% থেকে ৮৫% তৈল টিকতে হবে। রিফাইনকৃত তৈলের পরিমাণ ও গুনগত মান প্রাথমিক রাসায়নিক পরিক্ষাতে নির্ধারিত হবে।

১৩। রিফাইনকৃত তৈল পবিসের কর্মকর্তা ও বাপবিবোর্ডের-নিকটতম সিস্টেম অপারেশন প্রতিনিধির উপস্থিতিতে টেষ্ট করা হবে।

১৪। সফল কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১০ দিনের মধ্যে বর্ণিত কাজ সম্পন্ন করতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

১৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে নিরাপত্তা জামানত বাবদ ১০ % অর্থ কর্তন করে রাখা হবে, যা কার্য সমাপ্ত হওয়ার ০১ (এক) বৎসর পর রিফাইনকৃত তৈলের কোন ত্রুটি না থাকলে ফেরৎ প্রদান হবে।

১৬। তৈলের গুনগত মান কমপক্ষে ০১ (এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে। অন্যথায় নিজ খরচে তৈল পুনরায় রিফাইন করে দিতে হবে।

১৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে রিফাইন করা তৈল সমিতি স্টোরে জমা দেওয়ার পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী-চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৮। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৯। কোন কারণ ব্যাতিরেকে এতদসংক্রান্ত যে কোন দরপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২০। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০৫। নির্বাহী প্রকৌশলী, উপকেন্দ্র নির্মান বিভাগ, বাপবিবো, ঢাকা।
০৬। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, ফেনী।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ----------------------উপজেলা, লক্ষ্মীপুর।
০৯। ডি.জি.এম (কারিগরী)/রামগঞ্জ/রায়পুর/রামগতি/চন্দ্রগঞ্জ/ভবানীগঞ্জ/কমলনগর জোনাল অফিস,লপবিস।
১০। এ.জি.এম (অর্থ-হিসাব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা)/(আইটি-ইএন্ডআই/ওএন্ডজি) লপবিস।
১১। সহকারী প্রকৌশলী,বাপবিবো, লক্ষ্মীপুর।
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১),লপবিস-বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে।
১৩। নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)